

দৈনিক  
**ইন্ডিফার্স**

প্রতিদিন দেশবাসীর মৌলিক খবর

তারিখ : ০৩-১১-২০২১ (পৃঃ ০৬)

## উচ্চ ফলনশীল ব্রি-৮৭ ধান চাষে আগ্রহ বাড়ছে

### ■ পাবনা প্রতিনিধি

উচ্চ ফলনশীল ব্রি-৮৭ ধান সফলভাবে হওয়ায় পাবনার কৃষকরা আবাদে সাফল্য পেয়েছেন। এ ধান কাটার পরপরই একই জমিতে রবিশস্য আবাদ করা যায়। বেশি ফলন ও জমির বহুমুখী ব্যবহারের সুযোগ থাকায় ব্রি-৮৭ ধান আবাদে আগ্রহ বাড়ছে ক্ষকরে।

দৈশ্বরদী উপজেলার আথাইলশিমুল গ্রামের কৃষক বক্তার মিয়া জানান, চলতি মৌসুমে এক বিঘা জমিতে পরীক্ষামূলকভাবে ব্রি-৮৭ জাতের ধান আবাদ করেছিলেন। রোপগের ১২৫ দিনেই ধান পেকেছে। কাটাও শুরু হয়েছে। তিনি বলেন, অন্য ধানের ক্ষেত্রে প্রতি ছড়ায় ১৩০ থেকে ১৪০টি ধান পেয়েছি। কিন্তু ব্রি-৮৭ ধানে প্রতি ছড়ায় ২২০ থেকে ২৪০টি করে ধান হয়েছে। ফলন বেশি হওয়ায় ভালো লাভও হবে। আগামীতে আরো বেশি জমিতে এ ধানের আবাদ করব। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পাবনার অতিরিক্ত উপ-পরিচালক আব্দুল লতিফ ইন্ডিফার্সকে জানান, ব্রি-৮৭ জাতের ধানে চিটা নেই বললেই চলে। আগাম ফসল কাটতে পারায় ঐ জমিতে সরিষা, আলুসহ অন্যান্য রবিশস্য করার উদ্যোগ নিতে পেরেছেন কৃষকরা। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো. আসানুল্লাহ বলেন, ব্রি-৮৭ ধানের রোগবালাই কম। এতে উৎপাদন ও আয় দুটোই বাড়ায় ধানটি কৃষকদের মধ্যে সাড়া ফেলেছে।